

“শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
ঢাকা সামাজিক বন বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং-২২.০১.০০০০.৪০৪.০৫.৪৩১.২২. ৭৫২

তারিখ : ২১/৪/২০

বিষয় : বন অধিদপ্তরের আওতায় ঢাকা বিভাগের ১৭তম গ্রেডের ফরেস্টগার্ড (বনপ্রহরী) এবং ২০তম গ্রেডের অফিস সহায়ক পদের সরাসরি জনবল নিয়োগের জন্য লিখিত পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়ন প্রসঙ্গে।

সূত্র : গত ১৬/০৪/২০২৩ খ্রি. তারিখে আপনার সাথে নিম্নস্বাক্ষরকারীর টেলিফোনিক আলোচনা।

সম্মান সহকারে উপর্যুক্ত বিষয়ে গত ১৬/০৪/২০২৩ খ্রি. তারিখে আপনার সাথে নিম্নস্বাক্ষরকারীর টেলিফোনিক আলোচনার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড (ঢাকা বিভাগ) কর্তৃক গত ১৮/০৪/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় আগামী ১৯/০৫/২০২৩ খ্রি. তারিখে নিম্ন উল্লেখিত তারিখ সময় ও স্থানে ফরেস্টগার্ড (বনপ্রহরী) এবং অফিস সহায়ক পদে লিখিত পরীক্ষা গ্রহণ করত: আপনার সরকারি তিতুমীর কলেজের শিক্ষকবৃন্দ কর্তৃক উত্তরপত্র মূল্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	পদের নাম	আবেদনপত্রের সঠিক সংখ্যা	পরীক্ষা গ্রহণের স্থান	পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় সূচী
১.	ফরেস্টগার্ড (বনপ্রহরী)	৭,২৭৫ টি	সরকারি তিতুমীর কলেজ, ঢাকা ও তিতুমীর কলেজ সংলগ্ন স্কুল/ কলেজ (প্রয়োজনে)	১৯/০৫/২০২৩খ্রি. বিকেল ৩:০০ - ৪:৩০ ঘটিকা পর্যন্ত (১ ঘণ্টা ৩০ মিনিট)
২.	অফিস সহায়ক	৩,১০২ টি	সরকারি তিতুমীর কলেজ, ঢাকা ও তিতুমীর কলেজ সংলগ্ন স্কুল/ কলেজ (প্রয়োজনে)	১৯/০৫/২০২৩খ্রি. বিকেল ৩:০০ - ৪:০০ ঘটিকা পর্যন্ত (১ ঘণ্টা)

এমতাবস্থায় আগামী ১৯/০৫/২০২৩ খ্রিঃ তারিখে ফরেস্টগার্ড (বনপ্রহরী) ও অফিস সহায়ক পদে আপনার কলেজে নিজ ব্যবস্থাপনায় উল্লেখিত সংখ্যক প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত সীট প্লান তৈরি করত: লিখিত পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সরকারি নীতিমালা অনুযায়ী এতদসংক্রান্ত বিষয়ে মূল্যানুমান প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রকৃত পরীক্ষার্থীর ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী উত্তরপত্র মূল্যায়নের সম্মানী পরিশোধ করা হবে।

সংযুক্তি : ০২ (দুই) পাতা

(মোঃ সাইদুল ইসলাম)

সদস্য সচিব

বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড
(ঢাকা বিভাগ)

ও

বিভাগীয় বন কর্মকর্তা,

সামাজিক বন বিভাগ, ঢাকা।

Email: dfosfdhaka@gmail.com

মোবাইল: ০১৯৯৯০০০৪৪৪।

২৬/৪/২০

প্রাপক : অধ্যক্ষ

সরকারি তিতুমীর কলেজ
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল ও আশ্রয়ক, বিভাগীয় পদোন্নতি/নিয়োগবোর্ড (ঢাকা বিভাগ), বনভবন, মহাখালী, ঢাকা।